

‘বিশ্ব ব্যাংক ছাড়া পদ্মা সেতু লাভজনক হবে না’

Sun, Jul 29th, 2012 3:04 pm BdST

ঢাকা, জুলাই ২৯ (বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম)- পদ্মা সেতু নির্মাণের ক্ষেত্রে আবেগের চেয়ে অর্থনৈতিক বিবেচনাকে প্রাধান্য দিতে সরকারের প্রতি অনুরোধ রেখেছেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা আকবর আলি খান।

তিনি বলেছেন, “বিশ্বায়নের এই যুগে আবেগপ্রবণ না হয়ে অর্থনৈতিক বিবেচনার বাইরে কোনো পদক্ষেপ নেওয়া সরকারের ঠিক হবে না।”



রোববার ইআরএফ ও ব্র্যাক এক্সিকিউটিভ এমবিএ আয়োজিত বড় প্রকল্পে অর্থায়ন বিষয়ক এক সেমিনারে আকবর আলি একথা বলেন।

সাবেক উপদেষ্টা এ বি মিস্ত্রী আজিজুল ইসলামের সভাপতিত্বে সেমিনারে অংশ নেওয়া সাবেক বাণিজ্যমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আইনুন নিশাত, বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ বিজনেসের পরিচালক মামুন রশীদ, যমুনা সেতুর সাবেক প্রকল্প পরিচালক এ বি এ মুবীনসহ সব বক্তারা বিশ্ব ব্যাংকের অর্থায়নে পদ্মা সেতু নির্মাণের পক্ষে মত দেন।

দুর্নীতির অভিযোগ তুলে বিশ্ব ব্যাংক ২৯০ কোটি ডলারের পদ্মা প্রকল্পে তাদের ১২০ কোটি ডলার ঋণ বাতিলের পর সরকার দেশীয় অর্থায়নে দেশের বৃহত্তম এই অবকাঠামো প্রকল্প বাস্তবায়নের ঘোষণা দিয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার বর্তমান ইংল্যান্ড সফরেও দেশীয় অর্থায়নে সেতু নির্মাণের কথা বলেন।

সাবেক সচিব আকবর আলি মনে করেন, দেশীয় অর্থে সেতু নির্মাণ করা সহজ হবে না।

“বাংলাদেশ যদি নিজস্ব অর্থে করতেও চায়, তা হলেও এর ভালো কন্ট্রাক্টর পাবে না। এটা দেখা গেছে, উন্নয়নশীল বিশ্বে বিশ্ব ব্যাংক সহায়তাপুষ্ট প্রকল্প ছাড়া বড় কন্ট্রাক্টররা কোনো কাজ করতে চায় না।”

তাছাড়া অভ্যন্তরীণ উৎস থেকে ঋণের ক্ষেত্রে সুদের হারও বেশি হয় বলে আইএমএফ সার্বপ্রতিক এক বিশ্লেষণে বলেছে।

এতে বলা হয়েছে, বাংলাদেশ সরকারের অভ্যন্তরীণ খাত থেকে ঋণ নেওয়ার যে ক্ষমতা তার চেয়ে বিদেশ থেকে ঋণ নেওয়ার ক্ষমতা বেশি।

বাংলাদেশের অভ্যন্তরীণ ঋণ ও বৈদেশিক ঋণ প্রায় সমান। তবে বৈদেশিক ঋণ পরিশোধে যে সুদ গুণতে হয়, অভ্যন্তরীণ ঋণে সুদের হার তার ১০ গুণ।

সরকার দেশি অর্থায়নে পদ্মা সেতুর কথা বলে এলেও অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত শুরুর থেকেই আশা করে আসছেন, বিশ্ব ব্যাংক প্রকল্পে ফিরে আসবে।

সাবেক যোগাযোগমন্ত্রী সৈয়দ আবুল হোসেনের মন্ত্রিসভা থেকে পদত্যাগ ও সেতু বিভাগের সাবেক সচিবকে ছুটি দেওয়া বিশ্ব ব্যাংকের শর্ত পূরণের অংশ বলেই তিনি কয়েকদিন আগে মন্তব্য করেন।

এর সর্বশেষ খবর কী- রোববার সচিবালয়ে মুহিতের কাছে সাংবাদিকরা জানতে চাইলে তিনি বলেন, “পদ্মা সেতু নিয়ে কিছুই বলার নেই, আই হ্যাভ নো কমেন্ট।”

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম/এসএসজেড/এসএইচএ/এমআই/১৪৫৮ ঘ.